

ঢাকা, সোমবার ০১ এপ্রিল ২০২৪, চৈত্র ১৭ ১৪৩০



(<https://www.ekushey-tv.com/>)

🏠 প্রচ্ছদ / বিশেষ ব্যক্তিত্ব

‘আনিসুল হকের কাছ থেকে কেউ খালি হাতে ফিরেননি’

✍️ আলী আদনান, নোয়াখালীর কবিরহাট থেকে

🕒 প্রকাশিত : ১০:০৫ পিএম, ২ ডিসেম্বর ২০১৭ শনিবার | 🕒 আপডেট: ১০:০৬ পিএম, ২ ডিসেম্বর ২০১৭ শনিবার



পৃথিবী বদলে যেতে পারে”



আনিসুল হক
(১৯৫২-২০১৭)

সদ্য প্রয়াত ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র আনিসুল হক একজন দানশীল ব্যক্তি ছিলেন। সব সময় এলাকার গরিব মানুষের কাছে ছুটে যেতেন। তা হাতে ফিরেননি। আনিসুল হকের স্মৃতিচারণ করতে গিয়ে এসব কথা বলেন তার চাচাতো ভাই সাইফুল গণি চৌধুরী।

তিনি জানান, আনিসুল হক নিজ এলাকায় ‘শরীফ রৌশন কল্যাণ ট্রাস্ট’ গঠন করে কবিরহাট সরকারি কলেজ, কবিরহাট মডেল স্কুল, কবিরহাট সিনিয়র আলিম ম বৃত্তির ব্যবস্থা করেন। দীর্ঘদিন ধরে এলাকার গরিব নারীদের এই ট্রাস্টের মাধ্যমে অর্থ দিচ্ছিলেন। অবস্থা অনুযায়ী পাঁচ হাজার, দশ হাজার, পনের হাজার টাকা ব তাছাড়া নারীদের স্বাবলম্বী করতে সেলাই মেশিনও দান করতেন। কৃষকদের দিতেন সেচ মেশিন। এভাবেই সুখ-দুঃখে সাধারণ মানুষের পাশে দাঁড়াতেন তিনি। এলাকাবাসীর সঙ্গে কথা বলে জানা যায়, প্রতি শীত মৌসুমে তিনি কমপক্ষে দুই ট্রাক সোয়েটার-কম্বল বিতরণ করতেন। এলাকাবাসীর দুঃখ-দুর্দশার কথা মনে এলাকার কোনো সমস্যা নিয়ে তার কাছে গেলে উভয় পক্ষকে খুশি রেখেই চমৎকার উপায়ে তা সমাধান করে দিতেন।

উল্লেখ, বিশিষ্ট ব্যবসায়ী ও ঢাকা উত্তর সিটি করপোরেশনের সদ্য প্রয়াত মেয়র আনিসুল হককে আজ শনিবার বিকালে বনানী কবরস্থানে দাফন করা হয়েছে।

/ডিডি/ টিকে